গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

**সেপ্টেম্বর ২০১৭ মাসের এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ১৯-০৯-২০১৭ খ্রিস্টাব্দ। |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম। |
| সভার সময় | : | বেলা- ১২.০০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | সভায় উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ ও ‘খ’ । |

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করা হয় এবং আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

**আলোচ্যসূচি-১ : বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ**

আলোচনা : সভায় আগস্ট ২০১৭ মাসের এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। এতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচি-২ : আরডিআরএস বাংলাদেশের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় বলেন, আরডিআরএস বাংলাদেশ সংস্থার কার্যক্রম যথারীতি চলছে। আরডিআরএস বাংলাদেশ এ জেলার ৯টি উপজেলায় বিভিন্ন প্রকল্পের মাধ্যমে নানামুখী উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। এ সংস্থাটি কুড়িগ্রাম জেলার সকল উপজেলায় কোর কম্প্রিহেনসিভ প্রোগ্রাম, কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী, উলিপুর ও চিলমারী উপজেলায় সুবিধাবঞ্চিত শিশুদের প্রাথমিক শিক্ষা, সকল উপজেলায় স্কুল ফিডিং কর্মসূচির আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয় ও এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের মাঝে প্রতিদিন বিস্কুট বিতরণ, রিড প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলার মোট ১৩২টি প্রাথমিক বিদ্যালয়ে ১ম হতে ৩য় শ্রেণির শিক্ষার্থীদের পঠন বৃদ্ধির কাজ করে আসছে। এছাড়াও সকল উপজেলায় ক্ষুদ্রঋণ প্রকল্পসহ সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৩ : সলিডারিটি’র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : নির্বাহী পরিচালক, সলিডারিটি, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সাম্প্রতিক বন্যা পরবর্তী সময়ে এ জেলার শিমুলবাড়ী ইউনিয়নে ৫০০ জনকে ২০,০০,০০০/- টাকা, বড়ভিটা ইউনিয়নে ৭০০ জনকে ২৮,০০,০০০/- টাকা কেয়ার স্টাফ ফান্ড এবং এএসএইড এর আর্থিক সহায়তায় প্রদান করা হয়েছে। Campe এর সহায়তায় কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি ইউনিয়নে ৩০০ জনকে ২৪,০০০/- টাকা করে এবং খুলনা ইউনিভার্সিটি থেকে আওতায় প্রাপ্ত ফুড প্যাকেজ পাঁচগাছি ইউনিয়নে ৩০০ পরিবারকে তাদের সংস্থার মাধ্যমে বিতরণ করা হয়েছে। Enrich প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর উপজেলার ঘোগাদহ ইউনিয়নে ১টি হেলথ ক্যাম্প স্থাপন করা হয়েছে।

**আলোচ্যসূচি-৪ : ইএসডিও, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার ৯টি প্রকল্প কুড়িগ্রাম জেলার ৯টি উপজেলার ৭২টি ইউনিয়নে বাস্তবায়ন করছে। ইএসডিও-চাইল্ড লেবার মনিটরিং সিস্টেম প্রকল্পটি একটি পাইলট প্রকল্প যা কুড়িগ্রাম জেলার ৩টি উপজেলার ২৮টি ইউনিয়নে ও ২টি পৌরসভায় কাজ করছে। এ প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে, জাতীয় শিশুশ্রম নিরসন নীতিমালার কর্মপরিকল্পনা বাস্তবায়নে অবদান রাখা এবং নির্ধারিত উপজেলায় স্থানীয় পর্যায়ে শিশুশ্রম পর্যবেক্ষণ পদ্ধতি মডেল হিসাবে বিকশিত ও বাস্তবায়ন করা।

**আলোচ্যসূচি-৫ : ব্যুরো বাংলাদেশের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কুড়িগ্রাম জেলাধীন কুড়িগ্রাম সদর/ রাজারহাট/ উলিপুর/ চিলমারী/নাগেশ্বরী শাখার মাধ্যমে ১২,৬২১ জন উপকারভোগীর মাঝে ক্ষুদ্রঋণ বিতরণ করেছে। এছাড়া সংস্থার গৃহিত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৬ : বকুলতলী মহিলা সংসদের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার মাধ্যমে উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর আওতায় ভূরুঙ্গামারী উপজেলার ৪টি ইউনিয়নের ৮টি স্কুলের ৩০ জন করে মোট ২৪০ জন উপকারভোগী ও ০১টি স্কুলে ১০৫ জন মোট ৩৪৫ জন ছাত্র/ছাত্রীর লেখাপড়া করছে।

**আলোচ্যসূচি-৭ : কিরারা নো কাই এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ম্যানেজার, কিরারা নো কাই, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা বর্তমানে কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলায় ২০১৭-২০১৮ চক্রে রামখানা, রায়গঞ্জ, সন্তোষপুর, নেওয়াশী, বামনডাঙ্গা, হাসনাবাদ, ভিতরবন্দ, কেদার, কচাকাটা, বল্লভেরখাসসহ মোট ১০টি ইউনিয়নে ২,৪০০ জন ভিজিডি উপকারভোগী সদস্যদের নিয়ে কাজ করছে।

**আলোচ্যসূচি-৮ : গ্রাম উন্নয়ন কেন্দ্রের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : গ্রাম উন্নয়ন কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কার্যক্রমের ২০১৭-১৮ চক্রের জন্য রাজারহাটের ০৭টি ইউনিয়নে কাজ করছে। উক্ত চক্রে নির্বাচিত উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে।

চলমান পাতা-২

**আলোচ্যসূচি-৯ : উদ্দীপন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : উদ্দীপন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, উদ্দীপন বর্তমানে কুড়িগ্রামে ০১টি জেলা অফিস ও ১১টি শাখা অফিসের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে আসছে। ০১ জন পল্লী প্যারামেডিক ও ১৩ জন কমিউনিটি হেলথ্ প্রমোটর স্বাস্থ্যসেবার কাজ করছে। এমবিবিএস ডাক্তারদের তত্ত্বাবধানে স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে ১০ টাকা সেবামূল্য নিয়ে চিকিৎসা সেবা প্রদান করা হয়। প্রাইম কর্মসূচির আওতায় সদস্যদের হাঁস-মুরগী পালন, গরু মোটা তাজাকরণ, সবজী চাষ, বাঁশ ও বেত, কেঁচো সার তৈরী, ম্যাট তৈরীসহ প্রভৃতি বিষয়ের উপর হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। এ পর্যন্ত ১০০টি উপকারভোগী পরিবারকে টিউবওয়েলের গোড়া পাকাকরণ এবং জলাবদ্ধ পায়খানা তৈরিতে সহায়তা প্রদান করা হয়েছে।

**আলোচ্যসূচি-১০ : সচেতন নাগরিক কমিটি'র (সনাক) কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : এরিয়া ম্যানেজার, সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, ০২ আগস্ট ২০১৭ তারিখে সনাকের মাসিক সভা এবং ০৩ আগস্ট ২০১৭ তারিখে সনাক কুড়িগ্রামের ইয়েস গ্রুপের সভা অনুষ্ঠিত হয়েছে। সনাক কুড়িগ্রামের পক্ষ থেকে ২৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখ আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস উপলক্ষে বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে দুর্নীতিবিরোধী রচনা প্রতিযোগিতা, চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

**আলোচ্যসূচি-১১ : ফ্রেন্ডশীপ বাংলাদেশ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ফ্রেন্ডশীপ বাংলাদেশ, কুড়িগ্রামের জেলা সমন্বয়কারী সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার বিভিন্ন দুর্গম চর এলাকার স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের সুবিধাবঞ্চিত শিশু, নারী ও পুরুষকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। চরাঞ্চলের ১দিন থেকে ১৮ মাস বয়সী সকল শিশুরা ইপিআই কার্যক্রমের আওতায় এসেছে। ১২০টি ইপিআই সেশনে শিশু ও নারীকে সেবা প্রদান করা হয়েছে। ভাসমান হাসপাতালের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার দুর্গম চরে সোলার প্যানেল ব্যবহার করে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা হচ্ছে।

**আলোচ্যসূচি-১২ : আফাদ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : আফাদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সিডিডি'র অর্থায়নে শ্রবন ও দৃষ্টি প্রতিবন্ধীতা কার্যক্রমে কুড়িগ্রাম সদর উপজেলার ০৫টি ইউনিয়নে এবং Strengthening Capacity and Networking of NSAs and LAs on Disability (SCANED) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি এবং উলিপুর উপজেলার বুড়াবুড়ি ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের বিভিন্ন সেবা প্রদান করা হয়েছে। বন্যা দুর্যোগকালীন সময়ে কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি ইউনিয়নে ১৬০ জন, উলিপুর উপজেলার থেতরাই ইউনিয়নে ১৪০ জন ও বুড়াবুড়ি ইউনিয়নে ১৫০ জনকে ক্যাশ সাপোর্ট ও ফুড সাপোর্ট প্রদান করা হয়েছে।

**আলোচ্যসূচি-১৩ : হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : প্রকল্প ব্যবস্থাপক, হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশন্যাল, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তার সংস্থা কর্তৃক ডিজ্যাবিলিটি-ইনক্লুসিভ গ্র্যাজুয়েশন অব এক্সট্রিম পুওর এন্ড পুওর হাউজহোল্ড ইন বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম সদর উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভার উপকারভোগী হতদরিদ্র প্রতিবন্ধী পরিবারে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়। প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য কমিউনিটি পর্যায়ে গত মাসে ৫৪টি উঠান বৈঠক করা হয়েছে।

**আলোচ্যসূচি-১৪ : আশা, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : আশা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলায় ০৯টি উপজেলার ৪৬টি ব্রাঞ্চের মাধ্যমে সংস্থার কার্যক্রম পরিচালিত হয়। দরিদ্র ও অভাবী সদস্যদের চিকিৎসা বাবদ প্রতি বছর ৬ লক্ষ টাকা চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। প্রাথমিক শিক্ষা শক্তিশালীকরণ কর্মসূচির অংশ হিসেবে কুড়িগ্রাম সদর উপজেলার কাঁঠালবাড়ী ইউনিয়ন ও পাঁচগাছি ইউনিয়ন, উলিপুর উপজেলার বুড়াবুড়ি ও বজরা ইউনিয়নে , ফুলবাড়ী উপজেলার ফুলবাড়ী ইউনিয়নে, নাগেশ্বরী উপজেলার ভিতরবন্দ ইউনিয়নে এবং ভূরুঙ্গামারী উপজেলার বঙ্গসোনাহাট ইউনিয়নের ১৬৫টি শিক্ষা কেন্দ্রে ৫,২৮০ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে।

**আলোচ্যসূচি-১৫ : অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা'র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক গৃহীত সকল প্রকল্পের কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১৬ : মেরী স্টোপস্ ক্লিনিক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, মেরী স্টোপস্ ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, 'স্ট্রেনদেনিং এন্ড এক্সপেন্ডিং কোয়ালিটি রিপ্রোডাকটিভ হেলথ্ সার্ভিস ইন বাংলাদেশ' প্রকল্পের আওতায় দরিদ্র এবং হতদরিদ্র জনগোষ্ঠীর মাঝে পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রকল্পে আগস্ট ২০১৭ মাসে সেবাগ্রহীতার মাঝে ১০(দশ) ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে।

**আলোচ্যসূচি-১৭ : ছিন্নমুকুল , কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : নির্বাহী প্রধান, ছিন্নমুকুল, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোগ্রামের আওতায় কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় অধিকার বঞ্চিত হতদরিদ্র ও নদী তীরবর্তী জনগোষ্ঠির আয় বৃদ্ধিমূলক কার্যক্রম, স্বাস্থ্য, শিক্ষা ও সচেতনতামূলক কার্যক্রমে আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ, সচেতনতা মিটিং এবং কৃষি বিষয়ক সহায়তা প্রদান করা হয়েছে।

**আলোচ্যসূচি-১৮ : কাশিমবাজার স্বাস্থ্য সেবা সংস্থা'র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : কাশিমবাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদেরসংস্থা মহিলা ও শিশু, গর্ভবতী মায়েদের বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান করে থাকে। ভূরুঙ্গামারী ও রৌমারী উপজেলার দরিদ্র মা'র মাতৃত্বকালীন ভাতাভোগীদের ভাতার টাকা ১০০% ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করা হয়েছে।

চলমান পাতা-৩

আলোচ্যসূচি-১৯ : **উদয়, নাগেশ্বরী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : সিনিয়র শাখা ব্যবস্থাপক, উদয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কুড়িগ্রাম জেলার উলিপুর, চিলমারী ও নাগেশ্বরী উপজেলায় ০৩(তিন) টি শাখা বিদ্যমান। বিগত ২০১৩-২০১৪ ভিজিডি কর্মসূচিতে জীবন মান উন্নয়ন ও আয়বৃদ্ধিমূলক কর্মসূচি পরিচালনা করেছে। বর্তমানে সরকারি কোন প্রজেক্ট না থাকায় মাইক্রোক্রেডিট রেগুলেটারি অথরিটির অনুমোদনে স্বল্প পরিসরে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করছে।

আলোচ্যসূচি-২০ : **কাশেম ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কাশেম ফাউন্ডেশন মূলত ০৩টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। মরিয়ম চক্ষু হাসপাতাল, উলিপুর, কুড়িগ্রামে আগস্ট ২০১৭ মাসে ৪,৩৭৯ জন চক্ষু রোগীর চিকিৎসা সেবা প্রদান করেছে। ৪০৫ জন ছানি রোগী অপারেশন (কৃত্রিম লেন্স সহ) এবং হতদরিদ্র/দরিদ্র/নিম্নমধ্যবিত্ত ২৭৫ জন ছানি রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্স সহ) করেছে। ২,৩৩১ জনের চশমা পরীক্ষা এবং ১,৫৮৭ জনের মাঝে ফ্রি চশমা বিতরণ করেছে। আলেকজান মেটারনিটি এন্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার আগস্ট ২০১৭ মাসে কুড়িগ্রাম জেলায় ৫৯ জন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ১৪৭ জন গর্ভবতী মায়ের টিটি টিকা এবং ১৪৫ জন নবজাতক রেজিস্ট্রেশন করেছে।

আলোচ্যসূচি-২১ : **ঠিকানা সংস্থা'র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ঠিকানা সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, এ জেলায় ১৯৯৬ সাল হতে কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ ও অধিকারভিত্তিক কার্যক্রম নিয়ে কাজ করে আসছে। গত জানুয়ারি ২০১৫ মাসে সংস্থার সকল প্রকল্পগুলোর কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে সংস্থায় কোন চলমান প্রকল্প বিদ্যমান নেই।

আলোচ্যসূচি-২২ : **প্রশিকা'র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : এলাকা সমন্বয়কারী, প্রশিকা, উলিপুর, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৩ : **সানু মেমোরিয়াল সোসাইটি'র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : সানু মেমোরিয়াল সোসাইটি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা শিশুদের জন্য কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর উপজেলায় ০১টি বিদ্যালয়ে প্রাথমিক শিক্ষা এবং কুড়িগ্রাম সদর, ফুলবাড়ী ও নাগেশ্বরী উপজেলায় ৩টি সহ মোট ৪ টি বিদ্যালয়ে ২৭০ জন শিশুর প্রাথমিক শিক্ষা ও প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে।

আলোচ্যসূচি-২৪ : **টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

: জেলা ব্যবস্থাপক, টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তার সংস্থা এ জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় মাদার এ্যান্ড চাইল্ড হেলথ্ প্রোগ্রামে কমিউনিটির প্রধান স্টেকহোল্ডার এবং সরকারি স্বাস্থ্য পরিচর্যা শক্তিশালী করার মাধ্যমে কর্ম এলাকার মা ও শিশুস্বাস্থ্য অবস্থার উন্নয়নে (প্রাতিষ্ঠানিক ও গ্রামভিত্তিক) কার্যক্রম বাস্তবায়ন করছে।

আলোচ্যসূচি-২৫ : **সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রমে আগস্ট ২০১৭ মাসে সেবাগ্রহীতার মাঝে বিভিন্ন ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে।

আলোচ্যসূচি-২৬ : **এসিডি'র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : প্রোগ্রাম অফিসার, এসিডি, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, বর্তমানে কুড়িগ্রাম পৌরসভা ও রাজারহাট উপজেলা এলাকায় Strengthening Tobacco Control in Rajshahi & Rangpur Division প্রকল্পের কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ২৭ : **দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক পরিচালিত ওয়াক ফর লাইফ প্রকল্পে কুড়িগ্রাম সদর হাসপাতালে অর্থোপেডিক বহির্বিভাগে পায়ের পাতা বাঁকা রোগের চিকিৎসা সেবা প্রদান করছে। আগস্ট ২০১৭ মাসে উক্ত কার্যক্রমে প্রত্যক্ষ উপকারভোগী ০৩ জন এবং পরোক্ষ উপকারভোগীর সংখ্যা ৩৪ জন এবং ১টি প্রচারনা কার্যক্রমের মাধ্যমে ব্যাপক জনগোষ্ঠীকে শিশুদের 'ক্লাবফুট' অথবা মুগুর পা চিকিৎসা সেবা সম্বন্ধে অবগত করা হয়েছে।

আলোচ্যসূচি-২৮ : **গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র , কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলায় ২টি স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের মাধ্যমে চরাঞ্চলের দরিদ্র ও অসহায় মানুষের প্রাথমিক স্বাস্থ্য সেবা ও শিক্ষা কার্যক্রমে বিভিন্ন ধরণের প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত আছে।

আলোচ্যসূচি-২৯ : **বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, সাম্প্রতিক বন্যার সময় জেলার চর কুড়িগ্রামে ৫০টি পরিবারে ও চর ভেলাকোপার নামাগ্রামের ১৫০টি পরিবারের বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়েছে।

আলোচ্যসূচি-৩০ : **সিসিডিবি'র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : সিসিডিবি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ঝরেপড়া ও বিদ্যালয় বহির্ভূত শিশুদের নিয়ে ৪৪টি শিশু শিখন কেন্দ্রে ৫৫৩ জন ছেলে ও ৫৮৫ জন মেয়েসহ মোট ১১৩৮ জন শিক্ষার্থী অধ্যয়নরত আছে। পাঁচ বছর বয়সী শিশুদের নিয়ে প্রি-স্কুলে ১২টি কেন্দ্র ২০১৬ শিক্ষাবর্ষে পরিচালিত হয়। প্রি-স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীর মধ্যে ছেলে ১৫৯ জন এবং মেয়ে ১৭৬ জনসহ মোট ৩৩৫ জন। প্রাইমারী স্কুলে তুলনামূলক পিছিয়ে পড়া শিক্ষার্থীদের নিয়ে ০৮টি ক্যাম্প কার্যক্রম পরিচালিত হয়েছিল। যেখানে অধ্যয়নরত শিক্ষার্থী ছিল ছেলে ১০৩ জন এবং মেয়ে ৯৭ জনসহ মোট ২০০ জন। শিক্ষা আন্দোলন জোরদার করার জন্য ইউনিয়ন পরিষদে শিক্ষা কমিটির সাথে মিটিং করাসহ বিভিন্ন মিটিং/ওরিয়েন্টশন পরিচালনা করা হয়।

চলমান পাতা-৪

**আলোচ্যসূচি-৩১ : এসকেএস ফাউন্ডেশন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : এসকেএস ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৩২ : মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর কার্যক্রম সম্পের্কে আলোচনা**

আলোচনা : উপপরিচালক, মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, কুড়িগ্রাম সভায় বলেন, তার সংস্থা SHOUHARDO3, SOMMAN, HAPI-II, EQUITY, M4C, ELNHA প্রকল্পসমূহ বাস্তবায়ন করছে। SHOUHARDO3 কর্মসূচি রাজিবপুর, ফুলবাড়ী, নাগেশ্বরী ও রাজারহাট উপজেলার ১৮টি ইউনিয়নে কাজ করে যাচ্ছে। এ কর্মসূচির অধীন গরীব ও অতি-গরীব পরিবারসমূহের গর্ভবতী মায়েদের মাঝে সম্পূরক খাদ্য (রেশন) বিতরণসহ সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। সেভ দ্যা চিলড্রেন, ষ্ট্যাট ফান্ড এবং ইউকেএইড এর আর্থিক সহায়তায় উলিপুর উপজেলার বজরা, গুনাইগাছ, থেইরাই, বুড়াবুড়ি এবং বেগমগঞ্জ ইউনিয়নের ১,২০০টি পরিবারকে এবং চিলমারী উপজেলায় ইউনিসেফের সহায়তায় ১০০টি পরিবারকে জরুরী ত্রাণ সহায়তা প্রদান করা হয়েছে।

**আলোচ্যসূচি-৩৩ : সুশীলন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : সুশীলন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, আগস্ট ২০১৭ মাসে 'উত্তরাঞ্চলের দরিদ্রতা হ্রাস কর্মসূচির (নারী) অধীন সচেতনতা বৃদ্ধি ও উপকারভোগী নির্বাচন' প্রকল্পের মাধ্যমে উপকারভোগী প্রশিক্ষণে পাঠানোর ক্ষেত্রে ফুলবাড়ী, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলার ২৪টি ইউনিয়নে অবহিতকরণ সভা ও উঠান বৈঠক করা হয়েছে। ৫৪ জন উপকারভোগীকে প্রশিক্ষণের পর পাবনা ইপিজেডে প্রেরণ করা হয়েছে।

**আলোচ্যসূচি-৩৪ : বিবিধঃ**

আলোচনা :

১. সভায় ইএসডিও, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর তথ্যবহুল পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য ধন্যবাদ জানানো হয়।

২. আগামী সভায় সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য উপস্থাপন করার জন্য অনুরোধ জানান হয়। তবে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় তাদের কার্যক্রমের উপর প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

৩. কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের জন্য যে সকল এনজিও/সংস্থা কর্তৃক নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা জমা প্রদান করা হয়নি, সে সকল এনজিও/সংস্থা'র প্রস্তুতকৃত তালিকা (পরিশিষ্ট-খ) সভায় উপস্থাপন করা হয়। পোর্টালে অন্তর্ভুক্ত কিছু সংখ্যক এনজিও/সংস্থা কর্তৃক এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের অর্থ অদ্যাবধি জমা না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। নির্ধারিত বাৎসরিক ফি ৮০০/- টাকা ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে সোনালী ব্যাংক লিঃ, চলতি হিঃ নং ৩৩০০১৪০২৪-তে জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। এইড কুমিল্লা'র এনজিও পোর্টালে পুনরায় অন্তর্ভুক্তির আবেদনের পরিপ্রেক্ষিতে ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের জন্য প্রতিবছর ৮০০/- টাকা হারে একত্রে ২,৪০০/- টাকা জমা প্রদানের জন্য পুনরায় অনুরোধ করা হয়।

৪. সকল সংস্থাকে ওয়েব পোর্টালে হালনাগাদ তথ্য দ্রুত আপলোড করার জন্য সভাপতি অনুরোধ করেন এবং তাদের সংস্থার স্বীয় কাযর্ক্রমের প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে এবং www.kurigramngos.org.bd ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী সংগ্রহ করতে এবং কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) নিজ ওয়েবপেজে সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত আপলোড করতে অনুরোধ জানান।

৫. সভাপতি বলেন, এক এনজিওর উপকারভোগী অন্য এনজিও বা সরকারি দপ্তরের সঙ্গে যাতে overlapping না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।

৬. সভায় বাল্যবিবাহ প্রতিরোধে সকল পর্যায়ে সাধারণ মানুষকে উদ্বুদ্ধকরণের উপর গুরুত্বারোপ করা হয়। ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীকে প্রশিক্ষণ দিয়ে বিকল্প কর্মসংস্থান ও পুনর্বাসনের মাধ্যমে ২০১৮ সালের ডিসেম্বর মাসের মধ্যে বাংলাদেশকে ভিক্ষুকমুক্ত দেশ ঘোষণা করার লক্ষ্যে কাজ করার জন্য আহ্বান জানানো হয়।

**বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় নিয়মিতভাবে সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসহ যথাসময়ে যথোপযুক্ত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ২ | সকল সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্পের বিষয়ে up-to-date তথ্য জেলা ও উপজেলা প্রশাসনকে অবহিত করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৩ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী সভার পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৪ | জেলা এনজিও পোর্টালে হালনাগাদ তথ্য ও প্রতিমাসের সভার কার্যবিবরণী, সভার নোটিশ নিয়মিত আপলোড করতে হবে। | সহকারী কমিশনার সাধারণ শাখা |

চলমান পাতা-৫

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৫ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের কার্যক্রম পরিচালনার জন্য Plexus Limited, রেজিস্ট্রেশন নং C-১১৮৭৩৭/১৪, প্রধান কার্যালয়ের ঠিকানাঃ হোল্ডিং নং #৮৮৭/৮৪৮ (৩য় তলা), গণেশতলা, সদর, দিনাজপুরের সাথে ০৩ (তিন) বছর মেয়াদের জন্য চুক্তি নবায়ন করা হয়েছে। উক্ত কোম্পানীর এনজিও পোর্টাল সম্পর্কিত ০১৯৪১২০১২০৫, ০১৯৪১২০১২০৭ নামে হেল্প লাইন চালু করা হয়েছে। তাই হেল্প লাইনের সহায়তা নিয়ে প্রতি মাসে সকল এনজিও/সংস্থার কার্যক্রম সংক্রান্ত তথ্য নিয়মিত এনজিও পোর্টালে আপলোড করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৬ | এনজিওসমূহের কার্যক্রম মনিটরিং-এর স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারগণকে নিয়মিতভাবে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান করে পরবর্তী মাসের ৩ (তিন) তারিখের মধ্যে মাসিক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম |
| ৭ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) ব্যয় নির্বাহের নিমিত্ত যে সমস্ত এনজিও এখনও ২০১৫ ও ২০১৬ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা ও চলতি ২০১৭ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা জমাপূর্বক জমা প্রদানের রশিদ দাখিল করেনি, সে সমস্ত এনজিওকে ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৮ | আগামী সভায় সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম তাদের কার্যক্রমের উপর পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন করবে। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করতে হবে। | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম। |
| ৯ | এক এনজিওর উপকারভোগী অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে overlapping না হয় সে বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১০ | বন্যাসহ যে কোন অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণসহ জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে এবং ত্রাণ কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসনকে অবহিত করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১১ | ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীকে প্রশিক্ষণ দিয়ে বিকল্প কর্মসংস্থান ও পুনর্বাসনের মাধ্যমে ২০১৮ সালের ডিসেম্বরের মধ্যে বাংলাদেশকে ভিক্ষুকমুক্ত দেশ ঘোষণা করার লক্ষ্যে কাজ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১১ | ভিক্ষুক পুনর্বাসন ও বাল্যবিবাহ প্রতিরোধে সকল সংস্থাকে কার্যকর ভূমিকা রাখতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১২ | এনজিও কর্তৃক বিভিন্ন সমিতির নাম জেলার ১৬টি নদ-নদীর নাম দিয়ে রাখতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে এবং এনজিও প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি।

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০৩.১৭ ৯১৮(৭৫)

তারিখঃ ২৬ আশ্বিন ১৪২৪
০৮ অক্টোবর ২০১৭

অনুলিপিঃ

১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।
৪। ............................................................

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভার উপস্থিতি ও অনুপস্থিত তালিকাঃ

তারিখঃ ১৯/০৯/২০১৭ খ্রিস্টাব্দ সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

| ক্রঃ নং | এনজিও/সংস্থার নাম ওবিস্তারিত ঠিকানা (এনজিও পোর্টাল অনুযায়ী) | এনজিও প্রধানের নাম, পদবী ও মোবাইল | উপস্থিত এনজিও প্রধান/ পোর্টালে ফোকাল পার্সন/প্রতিনিধির নাম,পদবী ও মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম | এনামুল কবির, নির্বাহী পরিচালক | আজিজুল হক, প্রকল্প সমন্বয়কারী, ০১৭৩০৩২৮১৬১ | স্বাক্ষরিত/- |
| ০২ | সলিডারিটি, কুড়িগ্রাম | এস এম হারুন অর রশীদ লাল, নির্বাহী পরিচালক | এস এম হারুন অর রশীদ লাল, নির্বাহী পরিচালক , ০১৭১৫১৬৯৪৬৯ | স্বাক্ষরিত/- |
| ০৩ | জীবিকা, কুড়িগ্রাম | - | - | অনুপস্থিত |
| ০৪ | ইএসডিও | ড. মুহাম্মদ শহীদ উজ-জামান | আল মাহমুদ, জেলা সমন্বয়কারী। | স্বাক্ষরিত/- |
| ০৫ | কেয়ার বাংলাদেশ | - | - | অনুপস্থিত |
| ০৬ | মুসলিম এইড | - | - | অনুপস্থিত |
| ০৭ | বিডিএসসি | - | - | অনুপস্থিত |
| ০৮ | টিএমএসএস | - | - | অনুপস্থিত |
| ০৯ | বুরো বাংলাদেশ | মোশারফ হোসেন | মশিউর রহমান, ০১৭৩৩২২০৭৪০ | স্বাক্ষরিত/- |
| ১০ | কেডিএবি | - | - | অনুপস্থিত |
| ১১ | ওভা | - | - | অনুপস্থিত |
| ১২ | বকুলতলী মহিলা সংসদ | মোছাঃ বিউটি খাতুন, চেয়ারম্যান | মোঃ আব্দুল হক, ০১৭২৯৩১৬৯৫২ | স্বাক্ষরিত/- |
| ১৩ | কুড়িগ্রাম এনজিও এসোসিয়েশন (কেনা) | - | - | অনুপস্থিত |
| ১৪ | কিরারা নোকাই | খাজা গোলাম মুর্শিদ, নির্বাহী পরিচালক | মোঃ রুহুল আমিন, ম্যানেজার, ০১৭৫৫২৬০৮৬ | স্বাক্ষরিত/- |
| ১৫ | এসো দেশ গড়ি | - | - | অনুপস্থিত |
| ১৬ | সিডিডিএফ | - | - | অনুপস্থিত |
| ১৭ | টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন | - | - | অনুপস্থিত |
| ১৮ | টিডিএইচ ফাউন্ডেশন (ইটালী) | - | - | অনুপস্থিত |
| ১৯ | গ্রাম উন্নয়ন কেন্দ্র | অনামিকা খান, নির্বাহী পরিচালক | মোঃ আব্দুর রহমান মন্ডল, প্রোগ্রাম ম্যানেজার। ০১৭১৬৪২৮৮২২ | স্বাক্ষরিত/- |
| ২০ | শিশু পল্লী প্লাস | - | - | অনুপস্থিত |
| ২১ | উদ্দীপন | মোঃ এরশাদুল হক, শাখা ব্যবস্থাপক | মোঃ এরশাদুল হক, শাখা ব্যবস্থাপক, ০১৭৩৮৩৬৬১৯৭ | স্বাক্ষরিত/- |
| ২২ | সচেতন নাগরিক কমিটি | সৌমেন দাস, এরিয়া ম্যানেজার | সৌমেন দাস, এরিয়া ম্যানেজার, ০১৭১৪০৯২৮৩৮ | স্বাক্ষরিত/- |
| ২৩ | ফ্রেন্ডশীপ | মোঃ গোলাম মেহেদী, জেলা সমন্বয়কারী | মোঃ গোলাম মেহেদী, জেলা সমন্বয়কারী, ০১৭২৯২২৪৭৯০ | স্বাক্ষরিত/- |
| ২৪ | আফাদ | সাঈদা ইয়াসমিন, নির্বাহী প্রধান | মোঃ আবুল হাসান, হিসাব রক্ষক, ০১৭৩১২৯৯৪৩৫ | স্বাক্ষরিত/- |
| ২৫ | ব্র্যাক | - | - | অনুপস্থিত |
| ২৬ | জনকল্যান কেন্দ্র | - | - | অনুপস্থিত |
| ২৭ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল | শেখ মোঃ আবু বক্কর, প্রজেক্ট ম্যানেজার | শেখ মোঃ আবু বক্কর, প্রজেক্ট ম্যানেজার ০১৭১৮৬৬৩২৩৫ | স্বাক্ষরিত/- |
| ২৮ | আশা | মোঃ শফিকুল হক চৌধুরী | মোঃ হাফিজার রহমান, ০১৭৩১৪৬৬৯৮ | স্বাক্ষরিত/- |
| ২৯ | অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা | মোঃ আবুল খালেক | মোঃ আঃ ওহাব, প্রোগ্রাম ম্যানেজার, ০১৯১৫২৩৯৩৫১৩ | স্বাক্ষরিত/- |
| ৩০ | মেরী স্টোপস্ ক্লিনিক | মোঃ জাহিদুল ইসলাম | মোঃ ইমরান হোসেন খান, ০১৭৬২৬৮৬৪৭৩ | স্বাক্ষরিত/- |
| ৩১ | ছিন্নমুকুল বাংলাদেশ | মোঃ আব্দুর রহমান, নির্বাহী প্রধান | মোঃ আব্দুর রহমান, নির্বাহী প্রধান, ০১৭১৭৪১৩৯০০ | স্বাক্ষরিত/- |
| ৩২ | কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা | মোঃ তোফাজ্জল হোসেন, নির্বাহী পরিচালক | মোঃ তোফাজ্জল হোসেন, নির্বাহী পরিচালক, ০১৭১৮৬৫২৮৯০ | স্বাক্ষরিত/- |
| ৩৩ | সিড়ি | - | - | অনুপস্থিত |

| ক্রঃ নং | এনজিও/সংস্থার নাম ওবিস্তারিত ঠিকানা (এনজিও পোর্টাল অনুযায়ী) | এনজিও প্রধানের নাম, পদবী ও মোবাইল | উপস্থিত এনজিও প্রধান/ পোর্টালে ফোকাল পার্সন/প্রতিনিধির নাম,পদবী ও মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৩৪ | উদয় | দে সুধীর চন্দ্র | মোঃ আব্দুর রুউফ, শাখা ব্যবস্থাপক, ০১৭২৪৭৮০৫৪৮ | স্বাক্ষরিত/- |
| ৩৫ | কাশেম ফাউন্ডেশন | এ.কে.এম কামরুল ইসলাম | খন্দকার মোস্তাহিদ আলম, এজিএম, ০১৭১৬২৯৭১৩ | স্বাক্ষরিত/- |
| ৩৬ | ঠিকানা সংস্থা | ওয়াজেদা বেগম, নির্বাহী পরিচালক | মোঃ ফজলুল হক, মনিটরিং অফিসার, ০১৭২৪১৩৯২৩১ | স্বাক্ষরিত/- |
| ৩৭ | প্রুফস-আইডিই | - | - | অনুপস্থিত |
| ৩৮ | প্রশিকা | ড. কাজী ফারুক আহম্মদ, প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান | মোঃ মাজহারুল ইসলাম, এলাকা সমন্বয়কারী, ০১৯২৫৩৯৮৬৩৪ | স্বাক্ষরিত/- |
| ৩৯ | সানু মেমোরিয়াল সোসাইটি | শাহনাজ বেগম নাজু | স্নিগ্ধা পারভীন | |
| ৪০ | পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র | - | - | অনুপস্থিত |
| ৪১ | টিডিএইচ ফাউন্ডেশন | - | বিবেকান্দ অধিকারী, জেলা ব্যবস্থাপক ০১৮২৮৩২৪১২৪ | স্বাক্ষরিত/- |
| ৪২ | সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট | - | - | অনুপস্থিত |
| ৪৩ | সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম | গোলাম ফারুক, প্রকল্প পরিচালক | মোঃ আলমগীর সরকার, ম্যানেজার, ০১৭১৪৩৮৩৪৬০ | স্বাক্ষরিত/- |
| ৪৪ | সিএমইএস | - | - | অনুপস্থিত |
| ৪৫ | সন্ধান | - | - | অনুপস্থিত |
| ৪৬ | এসিডি | সালীমা সারোয়ার, নির্বাহী পরিচালক | মোঃ তৌফিকুল ইসলাম্ভ প্রোগ্রাম অফিসার ০১৭৫১০৮৫০৯৩ | স্বাক্ষরিত/- |
| ৪৭ | প্রাকটিক্যাল এ্যাকশন | - | - | অনুপস্থিত |
| ৪৮ | তৃণমূল নারী ফাউন্ডেশন | - | - | অনুপস্থিত |
| ৪৯ | দি গ্লেনকো ফাউন্ডেশন | মোঃ জাহাঙ্গীর আলম, কান্ট্রি ডিরেক্টর | মাহমুদা শারমীন, ক্লিনিক ম্যানেজার ০১৭৩৮৯৮৮৪১৯ | স্বাক্ষরিত/- |
| ৫০ | গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র | কাওসার আলী রেজা। আঞ্চলিক পরিচালক | সাজ্জাদুর রহমান খান, মানসিক স্বাস্থ্য কর্মকর্তা, ০১৭৭৭৫১৭১৭৬ | স্বাক্ষরিত/- |
| ৫১ | বাংলাদেশ মহিলা পরিষদ | চৌধুরী নন্দিতা চক্রবর্তী | রওশন আরা চৌধুরী, সহসভাপতি, ০১৫৫৭১২৫৬২৯ | স্বাক্ষরিত/- |
| ৫২ | সিসিডিবি | জয়ন্ত অধিকারী, নির্বাহী পরিচালক | মোঃ বাবুল করিম, এরিয়া ম্যানেজার | স্বাক্ষরিত/- |
| ৫৩ | গণ উন্নয়ন কেন্দ্র | - | - | অনুপস্থিত |
| ৫৪ | এসকেএস ফাউন্ডেশন | অমল কুমার সাহা, প্রকল্প ব্যবস্থাপক | অমল কুমার সাহা, প্রকল্প ব্যবস্থাপক | |
| ৫৫ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি | অমল কুমার মজুমদার, উপপরিচালক | অমল কুমার মজুমদার, উপপরিচালক ০১৭১০৯১৮২০৭ | স্বাক্ষরিত/- |
| ৫৬ | ঐক্যমেনী ডেভেলপমেন্ট ফাউন্ডেশন | - | - | অনুপস্থিত |
| ৫৭ | স্কীলফুল সুইসকন্ট্যাক্ট | - | - | অনুপস্থিত |
| ৫৮ | সুশীলন | মোস্তফা নুরুজ্জামান | আখতারুল হক | স্বাক্ষরিত/- |
| ৫৯ | মানব কল্যান সংস্থা | - | - | অনুপস্থিত |
| ৬০ | ইসলামিক রিলিফ বাংলাদেশ | - | - | অনুপস্থিত |
| ৬১ | চেতনা বুড়াবুড়ি সমাজ উন্নয়ন সংস্থা | - | - | অনুপস্থিত |
| ৬২ | উদ্যম সংস্থা | - | - | অনুপস্থিত |

পরিশিষ্ট-গ

## জেলা এনজিও পোর্টালে অন্তর্ভূক্ত এনজিওদের মধ্যে যে সমস্ত এনজিও ২০১৫, ২০১৬ও ২০১৭ সালের জন্য টাকা জমাপূর্বক রশিদ দাখিল করেননিঃ

| ক্রঃ নং | এনজিও/সংস্থার নাম | ২০১৫ সাল | ২০১৬ সাল | ২০১৭ সাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম | ✓ | ✓ | ✓ | |
| ০২ | সলিডারিটি, কুড়িগ্রাম | ✓ | ✓ | ✓ | |
| ০৩ | জীবিকা, কুড়িগ্রাম | ✓ | ✓ | × | |
| ০৪ | ইএসডিও, কুড়িগ্রাম | ✓ | × | ✓ | |
| ০৫ | কেয়ার বাংলাদেশ | ✓ | ✓ | ✓ | |
| ০৬ | মুসলিম এইড | ✓ | ✓ | × | |
| ০৭ | বিডিএসসি | ✓ | × | × | |
| ০৮ | টিএমএসএস | ✓ | ✓ | × | |
| ০৯ | ব্যুরো বাংলাদেশ | ✓ | ✓ | × | |
| ১০ | কেডিএবি, চিলমারী | ✓ | ✓ | ✓ | |
| ১১ | ওভা | ✓ | ✓ | × | |
| ১২ | বকুলতলী মহিলা সংসদ | ✓ | ✓ | ✓ | |
| ১৩ | কুড়িগ্রাম এনজিও এসোসিয়েশন (কেনা) | ✓ | ✓ | × | |
| ১৪ | কিরারা নোকাই | ✓ | ✓ | × | |
| ১৫ | এসো দেশ গড়ি | ✓ | × | × | |
| ১৬ | সিডিডিএফ | ✓ | × | × | |
| ১৭ | টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন | ✓ | ✓ | ✓ | |
| ১৮ | টিডিএইচ ফাউন্ডেশন (ইটালী) | ✓ | ✓ | ✓ | |
| ১৯ | গ্রাম উন্নয়ন কেন্দ্র | ✓ | ✓ | × | |
| ২০ | শিশু পল্লী প্লাস | ✓ | ✓ | ✓ | |
| ২১ | উদ্দীপন | ✓ | × | × | |
| ২২ | সচেতন নাগরিক কমিটি | ✓ | ✓ | ✓ | |
| ২৩ | ফ্রেন্ডশীপ | ✓ | ✓ | × | |
| ২৪ | আফাদ | ✓ | ✓ | ✓ | |
| ২৫ | ব্র্যাক | ✓ | ✓ | ✓ | |
| ২৬ | জনকল্যান কেন্দ্র | × | × | × | এনজিও পোর্টাল হতে স্থগিত করে ২৮-০৮-২০১৭ তারিখের সভায় ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরীকে অন্তর্ভূক্তির সিদ্ধান্ত। |
| ২৭ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল | নতুন | ✓ | ✓ | |
| ২৮ | আশা | ✓ | ✓ | ✓ | |
| ২৯ | অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা | ✓ | × | × | |
| ৩০ | মেরী স্টোপস্ ক্লিনিক | ✓ | ✓ | ✓ | |

পরিশিষ্ট-গ

| ক্রঃ নং | এনজিও/সংস্থার নাম | ২০১৫ সাল | ২০১৬ সাল | ২০১৭ সাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩১ | ছিন্নমুকুল বাংলাদেশ | ✓ | ✓ | ✓ | |
| ৩২ | কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা | ✓ | ✓ | ✓ | |
| ৩৩ | এইড কুমিল্লা | × | × | × | ২৫-৪-১৭ তারিখের সভায় এইড কুমিল্লাকে নতুনভাবে অন্তর্ভূক্তির সিদ্ধান্ত। |
| ৩৪ | উদয় | ✓ | × | × | |
| ৩৫ | কাশেম ফাউন্ডেশন | ✓ | ✓ | ✓ | |
| ৩৬ | ঠিকানা সংস্থা | ✓ | ✓ | ✓ | |
| ৩৭ | প্রুফস-আইডিই | ✓ | × | × | |
| ৩৮ | প্রশিকা | ✓ | ✓ | × | |
| ৩৯ | সানু মেমোরিয়াল সোসাইটি | ✓ | ✓ | × | |
| ৪০ | পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র | ✓ | × | × | |
| ৪১ | সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট | ✓ | × | × | |
| ৪২ | সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম | ✓ | ✓ | ✓ | |
| ৪৩ | সিএমইএস | ✓ | × | × | |
| ৪৪ | সন্ধান | ✓ | ✓ | × | |
| ৪৫ | এসিডি, কুড়িগ্রাম | ✓ | ✓ | × | |
| ৪৬ | প্রাকটিক্যাল এ্যাকশন | নতুন | নতুন | ✓ | |
| ৪৭ | তৃণমূল নারী ফাউন্ডেশন | ✓ | ✓ | × | |
| ৪৮ | দি গ্লেনকো ফাউন্ডেশন | নতুন | নতুন | ✓ | |
| ৪৯ | গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র | ✓ | ✓ | ✓ | |
| ৫০ | বাংলাদেশ মহিলা পরিষদ | নতুন | ✓ | ✓ | |
| ৫১ | সিসিডিবি | ✓ | × | × | |
| ৫২ | গণ উন্নয়ন কেন্দ্র | ✓ | × | × | |
| ৫৩ | এসকেএস ফাউন্ডেশন | ✓ | ✓ | ✓ | |
| ৫৪ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি | ✓ | ✓ | ✓ | |
| ৫৫ | ঐক্যমেনী ডেভেলপমেন্ট ফাউন্ডেশন | নতুন | ✓ | ✓ | |
| ৫৬ | স্কীলফুল সুইসকন্ট্যাক্ট | ✓ | × | × | |
| ৫৭ | সুশীলন | ✓ | × | × | |
| ৫৮ | মানব কল্যান সংস্থা | ✓ | ✓ | × | |
| ৫৯ | ইসলামিক রিলিফ বাংলাদেশ | ✓ | ✓ | ✓ | |
| ৬০ | চেতনা বুড়াবুড়ি সমাজ উন্নয়ন সংস্থা | ✓ | × | × | |
| ৬১ | উদ্যম সংস্থা | ✓ | × | × | |
| ৬২ | পিদিম ফাউন্ডেশন | × | × | × | এনজিও পোর্টাল হতে স্থগিত |
| ৬৩ | সফট | × | × | × | ঐ |
| ৬৪ | কেডিপিওডি | × | × | × | ঐ |
| ৬৫ | হাতিয়া উন্নয়ন সংস্থা | × | × | × | ঐ |